

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৬-২৭ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) সোলার স্ট্রিট লাইটের স্পেয়ার পার্টসের টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- (৫) সোলার স্ট্রিট লাইটের স্পেয়ার পার্টস, মালামাল ক্রয় ও স্থাপন কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of spare parts, materials and related services for solar panel street light around B-type facultative lagoon কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৮টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, ব্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ঢাকা শহরের প্রধান ৪টি ট্রান্স মেইন পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন অর্থাৎ মডস্ জোন-১, ২, ৩, ৫, ৬ এর আওতাধীন ১৮ টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগারে বিভিন্ন স্থাপনার পাশাপাশি বিশাল খোলা চত্বর বিদ্যমান। প্ল্যান্টটি মোট ২৫৩ এককর জায়গা নিয়ে বিস্তৃত। উক্ত প্ল্যান্টের নিরাপত্তা ব্যবস্থা যথাযথ রাখতে প্ল্যান্টের চারদিকে বাউন্ডারী ওয়াল ও রাস্তা রয়েছে। রাতের বেলায় প্ল্যান্টের নিরাপত্তায় নিয়োজিত লোকবল ও বিভিন্ন পয়েন্টে কর্মরত লোকবলের চলাচলের সুবিধার্থে উক্ত রাস্তার সাইট দিয়ে সোলার লাইট স্থাপন করা হয়েছে। উক্ত লাইটগুলো ৫-৬ বছর আগে স্থাপন করা হয়েছে। দীর্ঘদিন ধরে লাইটগুলো ব্যবহারের ফলে এর বিভিন্ন মালামাল অর্থাৎ কন্ট্রোলার, প্যানেল, ব্যাটারী প্রভৃতি অকেজো/নষ্ট হয়ে যাওয়ায় কিছু সোলার লাইট জ্বলছে না। বর্তমান সরকার জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে এবং প্রচলিত বিদ্যুতের ওপর নির্ভরতা কমাতে সরকারি ও বেসরকারি বিভিন্ন ভবনে ও খোলা জায়গায় সোলার প্যানেল স্থাপনের উদ্যোগ নিয়েছে। তারই ধারাবাহিকতায় অত্র প্ল্যান্টের অকেজো সোলার প্যানেল সচল করার উদ্যোগ নেয়া হয়েছে। প্ল্যান্টের রাস্তার লাইটিং ব্যবস্থা অকেজো থাকায় নিরাপত্তা ব্যবস্থা ব্যাহত হচ্ছে ও লোকবলের ডিউটি করতে সমস্যা হচ্ছে। সেই কারনে রাতের বেলায় কর্মরত লোকবলের যাতায়াতের সুবিধার্থে ও রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা যথাযথ মনিটরিং এর আওতায় আনার জন্য পয়ঃশোধনাগার বিভাগের অভ্যন্তরে বি-টাইপ ফ্যাকালটিটিভ লেগুনের রাস্তার সাইডের অকেজো সোলার লাইটের স্পেয়ার পার্টস, মালামাল ক্রয় ও স্থাপন করে বিদ্যমান লাইটগুলো সচল করা প্রয়োজন। উল্লেখ্য যে, সোলার প্যানেলের স্পেয়ার পার্টস এর প্রাথমিক খরচ একটু বেশি হলেও পরবর্তিতে এর জন্য কোন বিদ্যুৎ বিল প্রদান করার প্রয়োজন হয় না ও পরিবেশ বান্ধব। এছাড়া মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ তুলনামূলকভাবে অনেক কম বিধায় কারিগরী বিবেচনায় সোলার লাইট স্থাপন করা যুক্তিযুক্ত, টেকসই ও সাশ্রয়ী হবে।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of spare parts, materials and related services for solar panel street light around B-type facultative lagoon" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:৪,৯৯,৮৫০.০০(চার লক্ষ নিরানব্বই হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৬-২৭ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "খুচরা যন্ত্রাংশ(শোধনাগার)" (কোড ০১-০৪-০২৫) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৩; প্যাকেজ নং-SPG1 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯০(১) অনুসরণে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি(আরএফকিউ, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। যার দরপত্র ডকুমেন্ট e-PG1 এ ফরমেটে করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of spare parts, materials and related services for solar panel street light around B-type facultative lagoon" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৯০(১) ধারা অনুসারে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি(আরএফকিউ, ই-জিপি) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টা:৪,৯৯,৮৫০.০০(চার লক্ষ নিরানব্বই হাজার আটশত পঞ্চাশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।



গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৬-২৭ অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের "খুচরা যন্ত্রাংশ(শোধনাগার)" (কোড ০১-০৪-০২৫) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


০৭/০৭/২৬


০৭-৭-২৬
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


০৭/০৭/২৬
সৈয়দ শাহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


০৭/০৭/২৬
১০৪ অনুমোদিত।

০৭/০৭/২০২৬
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।